

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৩৪) ওযুর প্রারম্ভে 'বিসমিল্লাহ' বলা কি ওয়াজিব?

खियूत প্রারম্ভে 'বিসমিল্লাহ' বলা ওয়াজিব নয়; বরং উহা সুন্নাত। কেননা এক্ষেত্রে বর্ণিত হাদীছ ছহীহ বলার ক্ষেত্রে অনেকের আপত্তি রয়েছে। ইমাম আহমাদ বিন হাম্বাল (রহঃ) বলেন, 'এক্ষেত্রে কোন হাদীছ প্রমাণিত হয়নি।' বলার অপেক্ষা রাখে না এবং কারো অজানা নয় যে, ইমাম আহমাদ হাদীছ শাস্ত্রের ইমাম এবং হাফেয। তিনি যদি কোন ক্ষেত্রে বলেন, এ বিষয়ে কোন হাদীছ প্রমাণিত হয়নি, তবে সে ক্ষেত্রে অবশ্যই প্রশ্ন থেকে যায়। অতএব যে বিষয়িটি রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে সন্দেহাতীতভাবে প্রমাণিত নয় তা মানুষের উপর আবশ্যক করা উচিৎ নয়। এ জন্যে আমি মনে করি ওযুতে 'বিসমিল্লাহ' বলা সুন্নাত। কিন্তু কারো নিকট যদি এক্ষেত্রে হাদীছ ছহীহ বলে প্রমাণিত হয়, তবে 'বিসমিল্লাহ' ওয়াজিব বলা তার জন্য আবশ্যক। কেননা হাদীছে বলা হয়েছে: ﴿ وَصَلُونَ عَلَا اللهِ مَا اللهُ اللهُ اللهُ اللهُ مَا الل

Source — https://www.hadithbd.com/books/link/?id=665

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন